**প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র**

**আই/১-গ, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬**

তারিখঃ ২০/০৪/২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রে নিম্নবর্ণিত পদ পূরনের লক্ষ্যে বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে ক্ষুদ্রঋণ কার্যক্রমে কাজ করতে আগ্রহী কর্মঠ নারী ও পুরুষ প্রার্থীদের নিকট থেকে জরুরী ভিত্তিতে কর্মী নিয়োগের জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। প্রার্থীকে অবশ্যই দরিদ্র জনগোষ্ঠির সাথে কাজ করার মানসিকতা সম্পন্ন হতে হবে। প্রার্থীদের অবশ্যই বাই-সাইকেল বা মোটর সাইকেল চালাতে হবে।

**পদের নাম: শিক্ষানবিস উন্নয়ন কর্মী (ঋণ কার্যক্রম)। পদ সংখ্যা- ৩০০**

**শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম স্নাতক/সমমান পাস (স্নাতক ফলপ্রত্যাশী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই)।** কম্পিউটার পরিচালনায় দক্ষ প্রার্থীদের বিশেষ সুযোগ-সুবিধা দেয়া হবে। এছাড়াও বাণিজ্য বিভাগে উত্তীর্ণ প্রার্থীদের বিশেষ সুযোগ দেওয়া হবে।

**বেতন/ভাতা: শিক্ষানবিস কালে মাসিক বেতন ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা।** এছাড়াও সংস্থার নীতিমালা অনুযায়ী যাতায়াত ভাতা ২,৮০০/- (দুই হাজার আটশত) টাকা এবং মোবাইল ভাতা ৬৫০/- (ছয়শত পঞ্চাশ) টাকা প্রদান করা হবে।

**অন্যান্য সুবিধা:** চাকুরি স্থায়ী হবার পর সংস্থার নীতিমালা অনুযায়ী প্রত্যেক স্থায়ী কর্মী প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি ও চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন। প্রত্যেক স্থায়ী কর্মীকে প্রতি বছর তাদের প্রধান দুইটি ধর্মীয় উৎসবে ২(দুই) টি উৎসব ভাতা দেয়া হবে। এছাড়াও পহেলা বৈশাখে একটি বৈশাখী উৎসব ভাতা প্রদান করা হবে যা একটি ধর্মীয় উৎসব ভাতার ৫০%।

**প্রার্থীর বয়স ও শর্তাবলি:** আবেদনকারীর বয়স ২০/০৫/২০২৫ তারিখে অনুর্ধ্ব ৩৫ বছর। কেবলমাত্র প্রকৃত সনদধারী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে। শিক্ষানবিস কাল সন্তোষজনকভাবে সম্পন্ন করতে পারলে সংস্থার নীতিমালা অনুযায়ী চাকুরি স্থায়ী করা হবে এবং স্থায়ী কর্মীর সকল সুযোগ-সুবিধা প্রদান করা হবে। প্রশিকায় কর্মরত কোনো কর্মী আবেদন করতে পারবে না।

**কর্মস্থল:** বাংলাদেশে অবস্থিত প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের যেকোনো শাখা অফিস বা উন্নয়ন এলাকা।

**আবেদন করার নিয়মাবলিঃ**

A4 সাইজের সাদা কাগজে আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে: (১) একটি পূর্ণ জীবন বৃত্তান্ত (প্রার্থীর নাম, অবিবাহিত প্রার্থীদের ক্ষেত্রে পিতা ও মাতার নাম, বিবাহিত প্রার্থীদের ক্ষেত্রে পিতা, মাতা, স্বামী/স্ত্রীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, নিজ বিভাগের নাম, এনআইডি/জন্মনিবন্ধন নম্বর, মোবাইল নম্বর এবং শিক্ষাগত যোগ্যতা অবশ্যই উল্লেখ করতে হবে)। (২) সাম্প্রতিককালের তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি। (৩) সকল শিক্ষ্যাগত যোগ্যতার মূল/সাময়িক সনদ/এনআইডি/জন্মনিবন্ধন/অভিজ্ঞতার সত্যায়িত অনুলিপি (৪) মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে (প্রার্থীর নিয়োগ পরীক্ষাসহ চাকুরি সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত প্রার্থীকে মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে)। যে সকল প্রার্থীদের মোবাইল ফোন নাই, তারা বিশ্বস্ত কারোর মোবাইল নম্বর উল্লেখ করতে পারবেন, এক্ষেত্রে ঐ বিশ্বস্থ ব্যক্তির নাম উল্লেখ থাকতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**আবেদন ফিঃ** আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা যে কোনো তফসিলি ব্যাংক হতে "প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র" অথবা "Proshika Manobik Unnayan Kendra" হিসাবের নামে নিম্নের ছকে উল্লেখিত ব্যাংকের শাখার হিসাব নম্বরে জমা দিতে হবে।

| Name of Bank | Branch Name | Account Name (হিসাবের নাম) | Account Type and No. | |
|---|---|---|---|---|
| Pubali Bank Ltd. | Darus Salam Road Branch, Dhaka | Proshika Manobik Unnayan Kendra | SND | 2990102000580 |

টাকা জমাদান স্লীপের কাস্টমার কপি A4 সাইজের সাদা কাগজে একটি ফটোকপি আবেদনপত্রের সাথে যুক্ত করে দিতে হবে, অন্যথায় আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে। টাকা জমাদানের কাস্টমারের মূল কপিটি প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ পর্যন্ত যত্নসহকারে সংরক্ষণ করতে হবে। কোনো অবস্থাতেই খামের ভিতর 'আবেদন ফি' বাবদ নগদ অর্থ প্রেরণ গ্রহণযোগ্য হবে না।

**আবেদন পাঠানোর শেষ তারিখঃ** আবেদনপত্র ২০/০৫/২০২৫ তারিখের মধ্যে পাঠাতে হবে।

**আবেদন পাঠানোর ঠিকানাঃ**

পরিচালক, মানবসম্পদ বিভাগ, প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রশিকা ভবন, আই/১-গ, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬ বরাবর রেজিস্টার্ড ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। খামের উপর স্পষ্টভাবে পদের নাম উল্লেখ করতে হবে।

**চূড়ান্ত নিয়োগ প্রক্রিয়াঃ**

আবেদনপত্র প্রাথমিকভাবে বাছাইয়ের পর তালিকা তৈরি করে পর্যায়ক্রমে প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। প্রত্যেক প্রার্থীকে নিয়োগ পরীক্ষার তারিখ ও স্থান জানিয়ে প্রার্থীদের জীবনবৃত্তান্তে উল্লেখিত মোবাইল নম্বরে SMS পাঠানো হবে। প্রশিকার **http://www.proshikabd.com** ওয়েবসাইটে প্রার্থীদের নিয়োগ পরীক্ষার রোল নম্বর দেয়া হবে। পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগের জন্য একটি প্যানেল তৈরি করা হবে। প্যানেল থেকে পর্যায়ক্রমে (মেধানুসারে) প্রার্থীদের নিয়োগ দেয়া হবে। নিয়োগের জন্য মনোনীত প্রার্থীদের কাজে যোগদানের রিপোর্টিং-এর সময় মানবসম্পদ বিভাগে দায়িত্বরত কর্মকর্তাকে সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্র (মার্কশীট বা প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়) দেখাতে হবে। সংস্থায় কর্মকালীন যে কোনো প্রকার আর্থিক অনিয়ম থেকে বিরত থাকার জন্য প্রশিকা থেকে সরবরাহকৃত নমুনা ফরমেট অনুযায়ী ৩০০/- (তিনশত) টাকার নন‌জুডিশিয়াল স্ট্যাম্পে জামিননামা প্রস্তুত করে জমা দিতে হবে। অতঃপর সংস্থার নির্ধারিত ভেন্যুতে সংস্থা কর্তৃক থাকা ও খাওয়ার ব্যবস্থায় নিয়োগের জন্য মনোনীত প্রার্থীদের একটি ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণ করতে হবে। ওরিয়েন্টেশন কোর্স সফলভাবে সম্পন্ন করা সকল প্রার্থী শাখায়/উন্নয়ন এলাকায় কাজে যোগদানের পরই কেবল সংস্থার কর্মী হিসেবে বিবেচিত হবেন। নিয়োগ সংক্রান্ত যেকোনো পরিবর্তিত সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে এবং আবেদনপত্র বাতিল করা হবে।

**নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। মাদকাসক্তদের আবেদন করার প্রয়োজন নাই।**